

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫০৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১) পুরুষদের পেছেনের কাতারে ও মহিলাদের প্রথম কাতারে থাকা এবং কাতার বাঁকা হওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من تأخر الرجال إلى أواخر صفوفهم وتقدم النساء إلى أوائل صفوفهن ومن اعوجاج الصفوف

আরবী

(صحيح) وَعَنْ أَبِي سعيد رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى فِي أُصنْحَابِهِ تَأْخُّرًا ، فَقَالَ لَهُمْ : تَقَدَّمُوا فَائْتَمُّوا بِي ، وَلْيَأْتَمَّ بِكُمْ مَنْ بَعْدَكُمْ ، لاَ يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُونَ حَتَّى يُؤَخِّرَهُمُ اللهُ.. رواه مسلم وأبو داود والنسائي وابن ماجه

বাংলা

৫০৯. (সহীহ) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম) একদা তাঁর সাহাবীদেরকে দেখলেন যে তারা পেছনের দিকের কাতারে নামায আদায় করছেন। তখন তিনি তাদেরকে লক্ষ্য করে বললেনঃ "তোমরা সামনের দিকে এগিয়ে আস, তোমরা আমার অনুসরণ কর, তাহলে তোমাদের পরে যারা আছে তারা তোমাদের অনুসরণ করবে। আর কোন জাতি যখন (প্রথম কাতার থেকে) পিছনে থাকবে আল্লাহ্ও তাদেরকে পিছিয়ে দেবেন।[1]"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ৪৩৮, আবু দাউদ ৬৮০, নাসাঈ ২/৮৩, ইবনে মাজাহ ৯৭৮)

ফুটনোট

[1] . অর্থাৎ যারা প্রথম কাতার থেকে পিছিয়ে থাকবে, আল্লাহও তাঁর রহমত, অনুগ্রহ, মর্যাদা উন্নীত প্রভৃতি বিষয়ে তাদেরকে পিছিয়ে দিবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন